# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯১০

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ
: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّ مَعْرُوفٍ صَدَقَةٌ وَإِنَّ مِنَ الْمَعْرُوفِ أَنْ تَلْقَى أَخَاكَ بِوَجْهٍ طَلْقٍ وَأَنْ تُفْرِغَ مِنْ دَلْوِكَ فِي إِنَاءِ أَخِيكَ» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيّ

### বাংলা

১৯১০-[২৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রতিটি ভাল কাজই সদাক্বাহ্ (সাদাকা), আর তোমার নিজের কোন ভাইয়ের সাথে হাসিমুখে সাক্ষাৎ এবং কোন ভাইয়ের পাত্রে নিজের বালতি থেকে পানি ঢেলে দেয়াও ভাল কাজের অন্তর্ভুক্ত। (আহমাদ, তিরমিযী)[1]

### ফুটনোট

[1] সহীহ লিগায়রিহী : আত্ তিরমিযী ১৯৭০, আহমাদ ১৪৮৭৭, শারহুস্ সুন্নাহ্ ১৬৪২, সহীহ আত্ তারগীব ২৬৮৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: মা‘রূফ (مَعْرُوْفِ) বলতে প্রত্যেক ঐ কাজকে বুঝায় যা ইসলামী শারী‘আত সুন্দর বলে স্বীকৃতি দিয়েছে অথবা মানববুদ্ধি (‘আকল) দ্বারা যা ভালো বলে স্বীকৃত। তবে মানববুদ্ধি দ্বারা স্বীকৃত কর্মগুলো তখনই মা‘রূফ হবে যখন সেগুলো শারী‘আতের সাথে সাংঘর্ষিক না হবে। সদাক্বাহ্ (সাদাকা) বলা হয় ঐ দানকে যা ব্যক্তি তার সম্পদ থেকে আল্লাহর নৈকট্য পাওয়ার উদ্দেশে দান করে। হাদীসে বর্ণিত ‘‘প্রত্যেক সৎ কাজই একটা দান’’ কথা দ্বারা উদ্দেশ্য হচ্ছে, প্রত্যেক সৎ কাজই সম্পদ বা অর্থ দান করার স্থলাভিষিক্ত। সদাক্বার মতো প্রত্যেক সৎ কাজও আল্লাহর নৈকট্য অর্জনের উপায়।

আল্ মা‘রূফ (الْمَعْرُوْفِ) ও আস্ সদাক্বাহ্ (সাদাকা) (الصَّدَقَةُ) পরিভাষা দু’টি শাব্দিকভাবে ভিন্ন ভিন্ন হলেও

অর্থের দিক থেকে কাছাকাছি। তবে এ দু’টি শব্দ দ্বারাই উদ্দিষ্ট কাজ একই। আল-কুরআনে শব্দ দু’টি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন- আল্লাহ বলেন,

لَا خَيْرَ فِىْ كَثِيْرٍ مِّنْ نَجْوهُمْ إِلَّا مَنْ أَمَرَ بِصَدَقَةٍ أَوْ مَعْرُوْفٍ

‘‘তাদের অধিকাংশ গোপন পরামর্শে কোন কল্যাণ নেই, তবে কল্যাণ আছে যে নির্দেশ দেয় দান-খয়রাত অথবা সৎ কাজে।’’ (সূরাহ্ আন্ নিসা ৪ : ১১৪)

আর পরিভাষা দু’টি অত্র হাদীসে একই অর্থে ব্যবহৃত হয়েছে। এ হাদীসে ‘‘ভাই’’ বলতে ‘‘মুসলিম ভাই’’ বুঝানো হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56470

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন